

সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর কর্তৃক প্রদত্ত সেবা

১. উপজেলার বিদ্যমান জলাশয়ের সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে কারিগরি পরামর্শ প্রদান করা।
২. ব্যক্তি বা প্রতিষ্ঠানকে মৎস্য বিষয়ক প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে সহায়তা করা;
৩. উপজেলার মৎস্য বিষয়ক সার্বিক তথ্যাদি সংগ্রহ, সংরক্ষণ ও সরবরাহ করা।
৪. মৎস্য খাদ্য আইন ২০১০ ও মৎস্য খাদ্য বিধিমালা ২০১১ এর আওতায় মৎস্য খাদ্য উৎপাদনকারী/আমদানীকারক/বিপন্নকারী প্রতিষ্ঠানসমূহকে লাইসেন্স প্রদান ও নবায়ন, পরিদর্শন এবং মৎস্য খাদ্য নমুনা সংগ্রহ ও তা পরীক্ষাসহ আইন অমান্যকারীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা।
৫. মাছ ও চিংড়িতে ফরমালিনসহ নিষিদ্ধ ঘোষিত অপদ্রব্য ব্যবহার রোধ এবং নিরাপদ মৎস্য খাদ্য সরবরাহে সহযোগিতা প্রদান।
৬. মৎস্য উৎপাদন বৃদ্ধিতে ব্যাপক গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে জাতীয় মৎস্য সপ্তাহ পালন, মৎস্য পুরস্কার প্রদান, অন্যান্য বিভাগের পুরস্কার প্রদান ও মনোনয়নে সহায়তা প্রদান এবং বিভিন্ন মেলা ও দিবসে অংশগ্রহণ।
৭. উপজেলা পর্যায়ে বাস্তবায়িত মৎস্য বিষয়ক সকল কর্মকান্ড তদারকি, পর্যালোচনা ও এতদ্ বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা;
৮. মৎস্য ও মাননিয়ন্ত্রণ ব্যবস্থা কার্যকর করার লক্ষ্যে মাছ ও চিংড়ি চাষে অননুমোদিত দ্রব্যের ব্যবহার বন্ধে চাষিদের উদ্বুদ্ধকরণ এবং সংক্রমণের উৎস সনাক্তকরণ, জি.এ.পি, হ্যাঙ্গাপ, মাছ ও চিংড়ির আহরণোত্তর পরিচর্যা, মৎস্য বাজারজাতকরণ স্থাপনার হাইজিন-স্যানিটেশন নিশ্চিতকরণ;
৯. উপজেলার মৎস্য বিষয়ক ও প্রাতিষ্ঠানিক সমস্যা চিহ্নিত করা এবং সমাধানকল্পে ব্যবস্থা গ্রহণ করা;
১০. অধিদপ্তরীয় বিভিন্ন উন্নয়ন প্রকল্পের প্রকল্প নীতিমালায় বর্ণিত দায়িত্ব পালন করা;
১১. প্রাকৃতিক দুর্যোগকালীন সময় সার্বক্ষণিক মনিটরিং রুম খুলে মাঠ পর্যায় থেকে ক্ষয়ক্ষতির তথ্য সংগ্রহ করা ও তা একিভূত করে অধিদপ্তরে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা;
১২. উপজেলার গুরুত্বপূর্ণ স্থাপনা/প্রতিষ্ঠান সমূহের পুকুর পরিদর্শন ও মাছ চাষে পরামর্শ প্রদান করা।